



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/15/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল প্রয়াত ট্রুপার স্টিভেন এ. টাইরেলের সম্মানে পতাকা অর্ধনমিত রাখার  
নির্দেশ প্রদান করলেন

*16 ফেব্রুয়ারি তারিখে পতাকাগুলি অর্ধনমিত রাখা হবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 16 এবং 17 ফেব্রুয়ারি সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত, প্রয়াত নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) ট্রুপার স্টিভেন এ. টাইরেলের সম্মানে স্টেট ভবনসমূহে পতাকা অর্ধনমিত রাখা হবে।

"ট্রুপার স্টিভেন এ. টাইরেল তার সম্প্রদায়, আমাদের স্টেট এবং আমাদের দেশের জন্য নিঃস্বার্থভাবে তার জীবনকে বিলিয়ে দিয়েছেন," **গভর্নর হোকল বলেন।** "তার স্মৃতি তার সেবার স্থায়ী শক্তির মাধ্যমে এবং তিনি তার কর্ম ও উদাহরণের মাধ্যমে যে অগণিত জীবনগুলি স্পর্শ করেছিলেন তাদের মাধ্যমে বেঁচে থাকুক। তার পরিবার ও ভালোবাসার মানুষদের সাথে আমরা সমব্যথী।"

11 সেপ্টেম্বর, 2001 তারিখের সন্থাসী হামলার পরবর্তীতে বিশ্ব বাণিজ্য কেন্দ্রের (World Trade Center, WTC) সাইটের আশেপাশে তার কাজের ফলে তিনি যেই অসুস্থতায় আক্রান্ত হন সে কারণে 7 ফেব্রুয়ারি, 2024 তারিখে টাইরেল মৃত্যুবরণ করেন। 26 বছরের নিবেদিত দায়িত্ব পালনের পর তিনি 27 সেপ্টেম্বর, 2023 তারিখে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) থেকে অবসর গ্রহণ করেন। ট্রুপার টাইরেল রচেস্টার, নিউ ইয়র্কের বাসিন্দা ছিলেন এবং তিনি তিন সন্তান রেখে গিয়েছেন; শন, ক্যাথলিন এবং রেচেল; এবং তার ভাই বোন ব্যারি, গ্রেগ, লেসলি এবং শ্যারন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)